# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৪৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যেসব সুন্নাত সালাত পড়ার কারণে মহান আল্লাহ সংশ্লিষ্ট ব্যক্তির জন্য জান্নাতে প্রাসাদ নির্মাণ করবেন, সেসব সালাতের বিবরণ

## ذِكْرُ وَصْفِ الرَّكَعَاتِ الَّتِي يَبْنِي اللَّهُ عَزَّ وَجَلَّ لِمَنْ يَرْكَعُ بِهَا بَيْتًا فِي الْجَنَّةِ

আরবী

2443 - أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةَ حَدَّثَنَا الرَّبِيعُ بْنُ سُلَيْمَانَ حَدَّثَنَا شُعَيْبُ بْنُ اللَّيْثِ بْنِ سَعْدٍ حَدَّثَنَا اللَّيْثُ بْنُ سَعْدٍ عَنِ ابْنِ عَجْلَانَ عَنْ أَبِي إِسْحَاقَ الْهَمْدَانِيِّ عَنْ عَمْرِو بْنِ أَوْسٍ الثَّقَفِيِّ عَنْ عَنْبَسَةَ بْنِ أَبِي سُفْيَانَ عَنْ أُخْتِهِ أُمِّ حَبِيبَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (مَنْ صَلَّى ثِنْتَيْ عَشْرَةَ رَكْعَةً فِي الْيَوْمِ بَنَى اللَّهُ لَهُ بَيْتًا فِي الْجَنَّةِ: أَرْبَعَ رَكَعَاتٍ قَبْلَ الظُّهْرِ، [وَرَكْعَتَيْنِ بَعْدَ الظُّهْرِ] ، وَرَكْعَتَيْنِ قَبْلَ الْعَصْرِ وَرَكْعَتَيْنِ بعد المغرب وركعتين قبل الصبح)

الراوي : أُمّ حَبِيبَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2443 | خلاصة حكم المحدث: صحيح لغيره - ((الصحيحة)) (2347)، والمحفوظ عنها: ((وركعتين بعد العشاء)) مكان: (( ... قبل العصر ... )).

বাংলা

২৪৪৩. উম্মে হাবীবা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “কোন ব্যক্তি এক দিনে ১২ রাকাআত (সুন্নাত) সালাত আদায় করবে, মহান আল্লাহ তার জন্য জান্নাতে একটি প্রাসাদ নির্মাণ করবেন: যোহরের আগে ৪ রাকা‘আত, যোহরের পর দুই রাকা‘আত, আসরের আগে দুই রাকা‘আত, মাগরিবের পর দুই রাকা‘আত এবং ফজরের আগে দুই রাকা‘আত।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/২২৬-২২৭; নাসাঈ: ৩/২৬১-২৬২; ইবনু মাজাহ: ১১৪১।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটির ব্যাপারে স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে “আসরের আগে দুই রাকা‘আতের স্থলে ইশার আগে দুই রাকা‘আত” মর্মে বর্ণনাকে সহীহ লিগাইরিহী বলেছেন। (সহীহাহ: ২৩৪৭।)

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উম্মু হাবীবা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91768

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন